চতুর্থ অধ্যায়

# ছবি আঁকার বিভিন্ন মাধ্যম

**শিক্ষার্থীরা যা জানবে–**

- পোস্টার রং এবং তার ব্যবহার
- এ্যাক্রেলিক রং এবং তার ব্যবহারবিধি
- জলরং এবং তার প্রয়োগ পদ্ধতি

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **জলরং কোনটি?**
ক অস্বচ্ছ রং ● স্বচ্ছ রং গ ভারী রং ঘ তৈলাক্ত রং

২. **কোনটি মিশিয়ে পোস্টার রং আঁকতে হয়?**
ক তেল খ তারপিন ● পানি ঘ গাম

৩. **এ্যাক্রেলিক রং কীভাবে সংরক্ষিত থাকে?**
● ঘন পেস্টের আকারে খ তরল কালির আকারে
গ রঙিন কাঠির আকারে ঘ কেক আকারে

৪. **এ্যাক্রেলিক রং শিল্পীদের কাছে প্রিয় কেন?**
● রং খুব দ্রুত শুকিয়ে যায় বলে
খ রং উজ্জ্বল হয় বলে
গ রং মুছে যায় না বলে
ঘ অল্প রং লাগে বলে

৫. **জলরঙে ছবি আঁকা হয় কোনটিতে?**
ক ক্যানভাসে ● কাগজে গ হার্ডবোর্ডে ঘ কাঠের টুকরাতে

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ নিচের রংগুলো থেকে শুধু কাগজে আঁকা যায় এমন রংগুলো আলাদা কর।**

**এ্যাক্রেলিক রং, প্লাস্টিক রং, জলরং, অক্সাইড রং, পোস্টার রং, টাইডাই, প্যাস্টেল রং, তেল রং।**

**উত্তর :** শুধু কাগজে আঁকা যায় এমন রংগুলো হলো পোস্টার রং ও জলরং।

**প্রশ্ন ॥ ২ ॥ পোস্টার রং সম্পর্কে সংক্ষেপে লেখ।**

**উত্তর :** কাগজে ছবি আঁকার জন্য পোস্টার রং ছোটদের কাছে একটি প্রিয় রং। ছবি আঁকতে এই রঙের সাথে পানি মেশাতে হয়। এটি মূলত অস্বচ্ছ জলরং। কোনো রঙের উপর এই রঙের প্রলেপ দেয়া হলে পূর্বের রংটি আর দেখা যায় না। এই রং বিভিন্ন শেডে বা নানা রঙে কাচের শিশিতে পাওয়া যায়। এটিকে মূলত ঘন পেস্টের মতো সংরক্ষণ করা হয়। এই রং কাগজে আঁকার উপযোগী হলেও খসখসে কাগজে এর ব্যবহার সুবিধাজনক। পানিতে রং মেশানোর জন্য খেয়াল রাখতে হবে যেন পানি পরিষ্কার থাকে। আর কাগজে ব্যবহারের সময় একাধিক তুলি ব্যবহারে করতে হবে। এতে ছবির উজ্জ্বলতা বজায় থাকবে। এই রং দিয়ে সব ধরনের ছবি আঁকা সম্ভব।

**প্রশ্ন ॥ ৩ ॥ জলরং ব্যবহারের নিয়মাবলি বর্ণনা কর।**

**উত্তর :** অন্যান্য রঙের মতো জলরং ব্যবহারেরও কিছু নিয়ম রয়েছে। জলরং মূলত রঙের বাক্সে ছোট ছোট খোপে চারকোণা ট্যাবলেটের মতো থাকে। এছাড়া এই রং পেস্টের মতোও থাকতে পারে। ব্যবহারের জন্য এই রং পরিষ্কার পানির সাথে মেশাতে হয়। এই রং ব্যবহারের উপযুক্ত কাগজ হলো কার্ট্রিজ কাগজ। ছবি আঁকার পূর্বে এই কাগজ সঠিক মাপ অনুযায়ী কেটে নিতে হয়। রং লাগাবার পূর্বে হালকা ড্রইং করে নেয়া ভালো। ড্রইং করার পর ভেজা ন্যাকড়া দিয়ে কাগজ ভিজিয়ে নিতে হয়। এতে রঙের সৌন্দর্য বৃদ্ধি পায়। কাগজ শুকিয়ে গেলে তুলি দিয়ে রং করা শুরু করতে হবে। রং লাগানো শুরব করতে হবে কাগজের ওপর দিক থেকে এবং তুলি চালাতে হবে বাম থেকে ডানে। জলরং পানিতে মেশানো হয় বলে তা গড়িয়ে পড়তে পারে। এজন্য ন্যাকড়া দিয়ে গড়িয়ে পড়া রং মুছে দিতে হয়। এই নিয়মাবলি অনুসরণ করেই জলরং ব্যবহার করতে হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ 'এ্যাক্রেলিক রং এখন শিল্পীদের প্রিয় একটি মাধ্যম'– কথাটির ব্যাখ্যা কর।**

**উত্তর :** ছবি আঁকার জন্য এ্যাক্রেলিক রং এখন শিল্পীদের প্রিয় একটি রং। এর পেছনে নানা কারণ রয়েছে। প্রথমত, এ্যাক্রেলিক রং দ্বারা কাগজ, বোর্ড বা ক্যানভাস যে কোনোটিতেই ছবি আঁকা যায়। দ্বিতীয়ত, এই রং অস্বচ্ছ হলেও পানির সাথে পাতলা করে মিশিয়ে জলরঙের মতো ব্যবহার করা যায়। তৃতীয়ত, এই রং খুব দ্রুত শুকায়। ফলে ছবি খুব দ্রুত আঁকা যায়। চতুর্থত, এ্যাক্রেলিকে সব ধরনের রং পাওয়া যায়। ছবি আঁকার ক্ষেত্রে এই বিষয়গুলো খুবই গুরুত্বপূর্ণ। এ্যাক্রেলিক রঙে উপরের সুবিধাগুলো পাওয়া যায় বলে এটি শিল্পীদের কাছে প্রিয় রং।

## বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**পাঠ-১ : পোস্টার রং** ➡ বোর্ড বই, পৃষ্ঠা ২৮

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **ছবি আঁকার জন্য ছোটদের কাছে প্রিয় মাধ্যম কোনটি?** [ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]
ক জলরং খ এ্যাক্রেলিক রং
● পোস্টার রং ঘ তৈলাক্ত রং

২. **কোন রং দিয়ে যেকোনো ধরনের ছবি আঁকা সম্ভব?** (জ্ঞান)
● পোস্টার রং খ এ্যাক্রেলিক রং

ⓖ স্বচ্ছ রং　ⓖ জলরং

৩. **জাহিদ পোস্টার রং দিয়ে ছবি আঁকতে ভালোবাসে। পোস্টার রংটি কেমন?** (প্রয়োগ)
● অস্বচ্ছ রং　ⓖ স্বচ্ছ রং
ⓖ হালকা রং　ⓖ তৈলাক্ত রং

৪. **পোস্টার রং জলরঙের তুলনায় কেমন?** (অনুধাবন)
ⓚ হালকা　ⓖ ভারী　● ভারী ও মোটা　ⓖ স্বচ্ছ

৫. **কোন ধরনের কাগজে পোস্টার রং ব্যবহার করতে সুবিধা বেশি?** (জ্ঞান)
ⓚ পাতলা কাগজ　ⓖ মোটা কাগজ
ⓖ মসৃণ কাগজ　● খসখসে কাগজ

৬. **পোস্টার রং দিয়ে কীসের উপর ছবি আঁকা হয়?** (জ্ঞান)
ⓚ হার্ডবোর্ডের　● কাগজের　ⓖ পাথরের　ⓖ ক্যানভাসের

৭. **পোস্টার রংকে কী বলা হয়?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর]
ⓚ স্বচ্ছ রং　● অস্বচ্ছ রং
ⓖ বেগুণি রং　ⓖ কালো রং

৮. **কোন রঙ ঘন পেস্টের আকারে শিশিতে সংরক্ষিত থাকে?** (জ্ঞান)
● পোস্টার রং　ⓖ জলরং
ⓖ তেলরং　ⓖ পরাস্টিক রং

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৯. **ছবি আঁকার জন্য পোস্টার রং–** (অনুধাবন)
i. পানি মিশিয়ে আঁকতে হয়
ii. মসৃণ কাগজে বেশি উপযোগী
iii. যেকোনো ধরনের ছবি আঁকার জন্য উপযোগী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　● i ও iii　ⓖ ii ও iii　ⓖ i, ii ও iii

১০. **পোস্টার রঙে ছবির উজ্জ্বলতা ধরে রাখার জন্য উচিত–** (অনুধাবন)
i. মসৃণ কাগজ ব্যবহার করা
ii. একাধিক তুলি ব্যবহার করা
iii. পরিষ্কার পানি ব্যবহার করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓖ i ও iii　ⓖ ii ও iii　● i, ii ও iii

## ➲ পাঠ-২ : এ্যাক্রেলিক রং
➡ বোর্ড বই, পৃষ্ঠা ২৮

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১১. **বাজারে যে প্লাস্টিক রং পাওয়া যায় সেটি মূলত কোন রঙ?** (জ্ঞান)
ⓚ জলরং　ⓖ পোস্টার রং　● এ্যাক্রেলিক রং　ⓖ তেলরং

১২. **এ্যাক্রেলিক রং পাতলা করে গুলিয়ে কোন রঙের মতো ব্যবহার করা যায়?** (জ্ঞান)
ⓚ পরাস্টিক রং　ⓖ তেলরং　● জলরং　ⓖ পোস্টার রং

১৩. **দীপা ছবি আঁকার জন্য বাজার থেকে প্লাস্টিক রং কিনে আনল। দীপার কিনে আনা প্লাস্টিক রং মূলত কোন রং?** (প্রয়োগ)
ⓚ পোস্টার রং　ⓖ তেলরং　● এ্যাক্রেলিক রং　ⓖ জলরং

১৪. **রাহাত দ্রুত ছবি আঁকতে চায়। এক্ষেত্রে সে কোন রং ব্যবহার করবে?** (প্রয়োগ)
ⓚ প্যাস্টেল রং　ⓖ পোস্টার রং　● এ্যাক্রেলিক রং　ⓖ তেলরং

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৫. **এ্যাক্রেলিক রং–** (অনুধাবন)
i. একটি স্বচ্ছ রং　ii. ছবি আঁকার জন্য একটি প্রিয় মাধ্যম
iii. দ্রবত শুকিয়ে যায় বলে তাড়াতাড়ি ছবি আঁকা যায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i　ⓖ ii　ⓖ iii　● ii ও iii

১৬. **এ্যাক্রেলিক রং দিয়ে ছবি আঁকা যায়–** (অনুধাবন)
i. কাগজে　ii. বোর্ডে
iii. ক্যানভ্যাসে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓖ i ও iii　ⓖ ii ও iii　● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
চিত্রশিল্পী টমাস এক ধরনের রং ব্যবহার করে দ্রবত ছবি আঁকেন। তার ব্যবহার করা এ রংটি বর্তমান শিল্পীদের নিকট খুবই প্রিয় মাধ্যম।

১৭. **চিত্রশিল্পী টমাসের ব্যবহার করা রং কোনটি?** (প্রয়োগ)
ⓚ তেলরং　ⓖ জলরং
● এ্যাক্রেলিক রং　ⓖ প্যাস্টেল রং

১৮. **টমাসের ব্যবহার করা রং দিয়ে দ্রুত ছবি আঁকা যায় কেন?** (অনুধাবন)
ⓚ এই রং পাতলা
ⓖ এই রং ভারী
ⓖ যে কোনো কাগজে ব্যবহার করা যায়
● রং দ্রবত শুকায় বলে

## ➲ পাঠ-৩ ও ৪ জলরং ও জলরং ব্যবহারের নিয়ম
➡ বোর্ড বই, পৃষ্ঠা ২৯

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৯. **জলরং কেমন রং?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর]
ⓚ অস্বচ্ছ রং　● স্বচ্ছ রং　ⓖ ভারী রং　ⓖ তৈলাক্ত রং

২০. **যে রং পানির সাথে মিশিয়ে ছবি আঁকা হয় তাকে কী বলে?** (জ্ঞান)
● জলরং　ⓖ এ্যাক্রেলিক রং
ⓖ পোস্টার রং　ⓖ তৈলাক্ত রং

২১. **জলরং টিউবের মধ্যে কীসের মতো তৈরি হয়?** (অনুধাবন)
● পেস্টের মতো　ⓖ তরল কালির মতো
ⓖ রঙিন কাঠির মতো　ⓖ কেকের মতো

২২. **জলঙের ক্ষেত্রে একটি রং দিয়ে অন্য আরেকটি রংকে ঢেকে দেওয়া যায় না কেন?** (অনুধাবন)
ⓚ জলরং স্বচ্ছ বলে　● জলরং স্বচ্ছ ও পাতলা বলে
ⓖ জলরং ভারী বলে　ⓖ জলরং অস্বচ্ছ বলে

২৩. **মোটা কার্ট্রিজে কোন রং দিয়ে ছবি আঁকার সুবিধা বেশি?** (জ্ঞান)
ⓚ পোস্টার রং　● জলরং　ⓖ পরাস্টিক রং　ⓖ তেলরং

২৪. **ছবি আঁকার কাগজে রাবার দিয়ে বেশি ঘষামাজা করলে কী হয়?** (জ্ঞান)
ⓚ পেন্সিলের কালি ছড়িয়ে পড়ে　ⓖ কাগজ ছিঁড়ে যেতে পারে
● কাগজের মসৃণতা নষ্ট হয়　ⓖ রং লাগাতে অসুবিধা হয়

২৫. **জলরং লাগানোর ক্ষেত্রে সঠিক পদ্ধতি কোনটি?** (জ্ঞান)
● কাগজের উপর থেকে শুরব করতে হবে
ⓖ কাগজের ডানদিক থেকে শুরব করতে হবে
ⓖ তুলি চালাতে হবে ডান থেকে বামে
ⓖ হার্ডবোর্ডকে সোজা দাঁড় করিয়ে রাখতে হবে

২৬. **কোন দুটি রং গুণগত দিক থেকে ভিন্ন?** (জ্ঞান)
ⓚ জলরং ও পোস্টার রং　● জলরং ও এ্যাক্রেলিক রং
ⓖ এ্যাক্রেলিক রং ও পোস্টার রং　ⓖ পোস্টার রং ও পরাস্টিক রং

২৭. **একটি রঙের উপর অন্য একটি রঙের প্রলেপ দিলে আগের রংটি ঢেকে যায় না। এটি কোন রং?** (প্রয়োগ)
ⓚ মোম রং　● জলরং　ⓖ পেন্সিল রং　ⓖ পোস্টার রং

২৮. **জলরং ও পোস্টার রং মিলে অন্য একটি রং হয় কেন?** (অনুধাবন)
ⓚ ঘন হওয়ার কারণে　● স্বচ্ছ হাওয়ার কারণে
ⓖ অস্বচ্ছ হওয়ার কারণে　ⓖ তৈলাক্ত হওয়ার কারণে

২৯. **ছবিতে জলরঙের ব্যবহার কীভাবে তারতম্য হয়?** (অনুধাবন)
ⓚ রংতুলি অনুযায়ী　ⓖ পেনসিল কাগজ অনুযায়ী
● আলোছায়া অনুযায়ী　ⓖ রং কাগজ অনুযায়ী

৩০. **জলরং দিয়ে মেঘের ছবি আঁকতে হলে কোন কোন রং মেশাতে হবে?** (জ্ঞান)
ⓚ সবুজ ও নীল　● নীল ও বাদামি

ⓖ আকাশি ও নীল ⓗ নীল ও কমলা

**৩১. লিরিক বেশি গাঢ় করে কালো মেঘের ছবি আঁকতে চায়। এজন্য তাকে কোন কোন রং ব্যবহার করতে হবে?** (প্রয়োগ)

ⓚ সাদা ও কালো ● কালো ও বাদামি

ⓖ বাদামি ও হলুদ ⓗ সাদা ও বাদামি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩২. জলরং ব্যবহারের সময় তুলি চালাতে হবে–** (অনুধাবন)

i. ডানদিক থেকে

ii. বামদিক থেকে

iii. উপরের দিক থেকে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓛ ii ⓖ iii ● ii ও iii

**৩৩. জলরং দিয়ে ছবি আঁকার সময় মনে রাখতে হবে কাগজ যেন–** (অনুধাবন)

i. দুমড়েমুচড়ে না যায়

ii. ভাঁজ হয়ে না যায়

iii. মসৃণ হয়ে না যায়

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓗ i, ii ও iii

**৩৪. জলরং দিয়ে ছবি আঁকার জন্য কাগজ হবে–** (অনুধাবন)

i. মোটা

ii. খসখসে

iii. মসৃণ

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓗ i, ii ও iii

**৩৫. জলরং ব্যবহারের ক্ষেত্রে–** (অনুধাবন)

i. কাগজ তুলি দিয়ে ভিজিয়ে নিতে হবে

ii. রং লাগাতে হবে কাগজের উপর থেকে

iii. তুলি চালাতে হবে বাম থেকে ডান দিকে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii

ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৬ ও ৩৭নং প্রশ্নের উত্তর দাও :**

দীপা জলরং দিয়ে সাদা কালো মেঘের একটি ছবি এঁকেছে। কিন্তু ছবিতে সে মেঘের গাঢ় অন্ধকার ভাব বোঝাতে চাইলেও সেই অন্ধকার ভাবটি আসেনি। এছাড়া ছবিতে কিছু অপ্রয়োজনীয় দাগও ভেসে উঠেছে।

**৩৬. উদ্দীপকের দীপার মেঘের ছবিতে গাঢ় অন্ধকার ভাব আনতে কোন দুটি রং মিশিয়ে ব্যবহার করা উচিত ছিল?** (প্রয়োগ)

ⓚ কালো ও হলুদ ● কালো ও বাদামি

ⓖ কালো ও সবুজ ⓗ কালো ও নীল

**৩৭. উক্ত ছবিতে অপ্রয়োজনীয় দাগ ভেসে ওঠার কারণ কী ছিল?** (উচ্চতর দৰতা)

ⓚ কাগজ তুলি দিয়ে ভিজিয়ে নেওয়া

ⓛ মোটা কাগজ ব্যবহার করা

ⓖ রঙের সাথে পানি মেশানো

● রাবার দিয়ে বারবার মোছামুছি করা

# অভিজ্ঞ বিষয়শিক্ষক প্রণীত সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ পোস্টার রংকে অস্বচ্ছ রং বলা হয় কেন?**

**উত্তর :** পোস্টার রং ভারী ও মোটা। এ ধরনের রঙে একটির ওপর অন্য একটি রঙের প্রলেপ দিলে আগের রংটি সম্পূর্ণ ঢেকে যায়। আগের রঙের অস্তিত্ব হারিয়ে যায়। এজন্য পোস্টার রংকে অস্বচ্ছ রং বলা হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ এ্যাক্রেলিক রং সম্পর্কে লিখ।**

**উত্তর :** এ্যাক্রেলিক রং শিল্পীদের খুবই প্রিয় একটি মাধ্যম। এই রং টিউব আকারে ও পরাস্টিকের কৌটায় ছোট–বড় বিভিন্ন আকৃতিতে পাওয়া যায়। ঘন পেস্টের আকারে এই রং সংরৰিত থাকলেও পানি দিয়ে তরল করে ছবি আঁকা যায়। এটি মূলত অস্বচ্ছ রং। তবে পাতলা করে গুলিয়ে জল রঙের মতো ব্যবহার করা যায়। এ্যাক্রেলিক রং দিয়ে কাগজ, বোর্ড বা ক্যানভাস যে কোনোটিতেই ছবি আঁকা সম্ভব। এই রং খুব দ্রবত শুকিয়ে যায় বলে তাড়াতাড়ি ছবি আঁকা যায়। তাই শিল্পীদের কাছে বর্তমানে এ্যাক্রেলিক রং খুবই প্রিয় একটি মাধ্যম।

**প্রশ্ন ॥ ৩ ॥ ছবি আঁকার ক্ষেত্রে রং ব্যবহারের সময় কোন কোন বিষয়ে সর্তক থাকতে হবে?**

**উত্তর :** ছবি আকার জন্য রং ব্যবহারের ৰেত্রে কিছু বিষয়ে সতর্ক থাকতে হবে। যে কাগজে ছবি আঁকা হবে সেটি যেন দুমড়েমুচড়ে বা ভাঁজ হয়ে না থাকে। কাগজ কাটাও যেন সুন্দর হয়। কাগজটিকে হার্ডবোর্ডে টানটান করে ক্লিপ দিয়ে আটকিয়ে রাখতে হবে। ছবি আঁকার কাগজে রাবার দিয়ে মোছামুছি না করাই ভালো। বেশি ঘষলে কাগজের মসৃণতা নষ্ট হয়। রং লাগানো শুরব করতে হয় কাগজের উপর থেকে এবং তুলি চালাতে হয় বাম থেকে ডান দিকে। ছবিতে রং করার ৰেত্রে উপরিউক্ত বিষয়গুলো লৰ রাখা উচিত।

**প্রশ্ন ॥ ৪ ॥ বাজারে পোস্টার রং কীভাবে পাওয়া যায়?**

**উত্তর :** পোস্টার রং বিভিন্ন শেডে বা নানা রঙে কাচের শিশিতে পাওয়া যায়। ঘন পেস্টের আকারে–এ রং শিশিতে সংরৰিত থাকে। রং শিশি থেকে বের করে পানি দিয়ে পরিমাণমতো তরল করে কাগজে ব্যবহার করা হয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ জলরং সম্পর্কে যা জান তা লিখ।**

**উত্তর :** জলের সাথে মিশিয়ে যে রং করা হয় তাকে জলরং বলে। জলরং রঙের বাক্সে ছোট ছোট খোপে চারকোণা ট্যাবলেটের মতো থাকে। আলাদা আলাদা ট্যাবলেট অবস্থায়ও পাওয়া যায়। তবে টিউবের মধ্যে টুথপেস্টের মতো অবস্থায়ও জলরং তৈরি হয়ে থাকে। জলরং ও পোস্টার রং কাছাকাছি হলেও গুণগত দিক দিয়ে অনেকটা ভিন্ন। জলরং স্বচ্ছ ও পাতলা। একটি রঙের ওপর আরেকটি রং দিয়ে আগের রংটি ঢেকে দেওয়া যায় না। স্বচ্ছ হওয়ার কারণে দুটো রং মিলে অন্য একটি রং হয়। জলরং সাধারণত কাগজের ওপর ব্যবহার করা হয়ে থাকে। জলরং দিয়ে ছবি আঁকার জন্য একটু মোটা ও খসখসে জমিনের কাগজ সবচেয়ে উপযোগী। আমাদের দেশে যে মোটা কার্ট্রিজ পাওয়া যায় তাতেও জলরং দিয়ে আঁকা যায়। তবে হ্যান্ডমেড কাগজ বা উন্নত ধরনের কাগজ জলরঙের জন্য ভালো।